# ইরানের হাতে পড়ার আশঙ্কায় নিজেদের ২ বিমান ধ্বংস করল যুক্তরাষ্ট্র



মার্কিন বিমান। ছবি: সংগৃহীত

ইরানে নিখোঁজ এক মার্কিন পাইলটকে উদ্ধারের চেষ্টা করতে গিয়ে জটিল পরিস্থিতিতে পড়ে যুক্তরাষ্ট্রের বাহিনী। অভিযানের সময় দুটি ট্রান্সপোর্ট বিমান অচল হয়ে পড়লে, সেগুলো শত্রুপক্ষের হাতে পড়ার আশঙ্কায় নিজেই ধ্বংস করে মার্কিন সেনারা।

রোববার (৫ এপ্রিল) প্রকাশিত এক প্রতিবেদনে দ্য নিউইয়র্ক টাইমস এ তথ্য জানানো হয়। অন্যদিকে, ইরানের দাবি—এই অভিযানে যুক্তরাষ্ট্রের একাধিক সামরিক বিমান ধ্বংস করা হয়েছে।

ইরানের সামরিক ও নিরাপত্তা সংস্থাগুলোর ভাষ্য অনুযায়ী, দেশটির দক্ষিণাঞ্চলের ইসফাহান প্রদেশে আটকে পড়া এক মার্কিন পাইলটকে উদ্ধারের জন্য পরিচালিত অভিযানে ব্যর্থতা দেখা দেয়। এ সময় কয়েকটি বিমান ধ্বংস হয়ে যায়।

ইরানি বার্তা সংস্থা তাসনিম নিউজের তথ্য অনুযায়ী, ধ্বংস হওয়া বিমানগুলোর মধ্যে ছিল একটি লকহিড সি-১৩০ হারকিউলিস পরিবহন বিমান এবং দুটি সিকোরস্কি ইউএইচ-৬০ ব্ল্যাক হক হেলিকপ্টার।

LENS ASIA